

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ৯, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২১ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ/০৪ মে ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১২১-আইন/২০১৬।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b), গ্রামীণ ব্যাংক আইন, ২০১৩ (২০১৩ সনের ৫৬ নং আইন) এর ধারা ৩২ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার গ্রামীণ ব্যাংকের ০১-০১-২০১৬ তারিখ হইতে ৩১-১২-২০২০ তারিখ পর্যন্ত মেয়াদের আয়ের উপর আরোপণীয় কর প্রদান হইতে, নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিবার শর্তে, এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

ব্যাখ্যা।—এই প্রজ্ঞাপনে “গ্রামীণ ব্যাংক” অর্থ গ্রামীণ ব্যাংক আইন, ২০১৩ (২০১৩ সনের ৫৬ নং আইন) এর ধারা ৪ এর অধীন স্থাপিত গ্রামীণ ব্যাংক।

২। এই প্রজ্ঞাপন ১ জানুয়ারি, ২০১৬ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

( ৬৯৭৫ )

মূল্য : টাকা ৪.০০